# ঢাকা বিশ্ববিদ্যালয় (খ ইউনিট)
**শিক্ষাবর্ষ : ২০২০-২১**

## বাংলা

1. **'বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়', এটি-**
A. পরিপক্বতারও ইঙ্গিত B. সহিষ্ণুতারও ইঙ্গিত
C. প্রজ্ঞারও ইঙ্গিত D. প্রশান্তিরও ইঙ্গিত

**ব্যাখ্যা : 'জীবন ও বৃক্ষ' রচনার কতিপয় তথ্য-**
- 'বৃক্ষ যে কেবল বৃদ্ধির ইশারা তা নয়', এটি - প্রশান্তিরও ইঙ্গিত।
- 'মানুষের বৃদ্ধি কেবল দৈহিক নয়', - আত্মিকও।
- তৈরি অবস্থায় পাওয়া যায় না - মানুষের আত্মা।
- বৃক্ষ জীবনের গুরুভার বহন করে - অতি শান্ত ও সহিষ্ণুতায়।
- বৃক্ষের পানে তাকিয়ে অন্তরের সৃষ্টি ধর্ম উপলব্ধি করেছেন - রবীন্দ্রনাথ ঠাকুর।
- দোরের কাছে দাঁড়িয়ে বৃক্ষ প্রচার করে - নতি, শান্তি ও সেবার বাণী।

**Ans : D.**

2. **'জাদু' শব্দটি যে ভাষার-**
A. আরবি B. ফারসি C. উর্দু D. বাংলা

**ব্যাখ্যা : কতিপয় ফারসি শব্দ :** জাদু, আজাদ, আন্দাজ, আয়না, আস্তানা, ওস্তাদ, কারখানা, কারবার, কুস্তি, খরগোশ, খরিদ, খুন, খুশি, খোশ, খোরাক, গোয়েন্দা, গোরস্থান, চশমা, চাকর, জমি, জর্দা, দরখাস্ত, দরবার, নমুনা, বালিশ, বস্তা, বাগান, বাজার, রোজগার, শাবাশ, শুমারি, সওদা, হাঙ্গামা, হাজার ইত্যাদি।

**Ans : B.**

3. **"আহ্বান" গল্পে বৃদ্ধার কবর প্রসঙ্গে উল্লেখিত 'শরতের কটুতিক্ত গন্ধ ওঠা বনঝোপ' পদবন্ধটি সঞ্চার করে-**
A. নিগূঢ় বেদনা B. স্মৃতিকাতরতা
C. বিহ্বলতা D. অনুশোচনা

**ব্যাখ্যা : 'আহ্বান' গল্পের কতিপয় তথ্য-**
- 'আহ্বান' গল্পটি - একটি উদার মানবিক সম্পর্কের গল্প।
- 'আহ্বান' গল্পে বুড়িকে মা বলে ডাকে - হাজরা ব্যাটার বউ।
- গল্পকথকের বাবার বন্ধুর নাম - চক্কোত্তি মশায়।
- লেখক দুধ নিতেন - ঘুঁটি গোয়ালিনীর কাছ থেকে।
- বুড়ি মারা যায় - শরৎকালে।
- বুড়িকে কবর দেয়া হয় - একটি প্রাচীন তিত্তিরাজ গাছের তলায়।

**Ans : A.**

4. **'মিলিটারি যাদের পছন্দ করছে তাদের ঠেলে দিচ্ছে পেছনে দাঁড়ানো একটি লরির দিকে।' উক্তিটির অন্তর্নিহিত অর্থে প্রকাশিত হয়েছে-**
A. শ্লেষ B. কৌতুক C. ক্ষোভ D. অনিশ্চয়তা

**ব্যাখ্যা : 'রেইনকোট' গল্পের কতিপয় প্রয়োজনীয় তথ্য-**
- 'মিলিটারি যাদের পছন্দ করছে তাদের ঠেলে দিচ্ছে পেছনে দাঁড়ানো একটি লরির দিকে।' -এতে প্রকাশ পেয়েছে - জীবনের অনিশ্চয়তা।
- 'রেইনকোট' গল্পে পিওনের নাম - ইসহাক মিয়া।
- 'রেইনকোট' গল্পের কথকের নাম - নুরুল হুদা।
- 'মিসক্রিয়ান্ট' শব্দের অর্থ - দুস্কৃতকারী।
- উর্দুর প্রফেসরের নাম - আকবর সাজিদ।
- 'রেইনকোট' গল্পে রেইনকোটটি ছিল - মিন্টুর।

**Ans : D.**

5. **'A cat in gloves catches no mice' -এর সমার্থক বাংলা প্রবাদ-**
A. বেড়ালের গলায় ঘন্টা বাঁধা সহজ নয় B. বিনা মেঘে বজ্রপাত
C. সোজা আঙ্গুলে ঘি ওঠে না D. অতি দর্পে হত লঙ্কা

**ব্যাখ্যা : কতিপয় বাংলা ও ইংরেজি প্রবাদ বাক্য-**

| | |
|---|---|
| সোজা আঙ্গুলে ঘি ওঠে না। | A cat in gloves catches no mice. |
| একাই একশো। | A host in himself. |
| অল্পবিদ্যা ভয়ংকরী। | A little learning is a dangerous thing. |
| বিনা মেঘে বজ্রপাত। | A bolt from the blue. |
| যত গর্জে তত বর্ষে না। | A barking dog never or seldom bites. |

**Ans : C.**

6. **'ব্যর্থ' শব্দের সন্ধি-বিচ্ছেদ হলো-**
A. বি + অর্থ B. ব্য + অর্থ C. ব্য + র্থ D. বি + র্থ

**ব্যাখ্যা : স্বরসন্ধির কতিপয় নিয়ম-**

| | |
|---|---|
| ই + অ = য্ + অ | বি + অর্থ = ব্যর্থ, অতি + অন্ত = অত্যন্ত। |
| ই + আ = য্ + আ | অতি + আচার = অত্যাচার, ইতি + আদি = ইত্যাদি। |
| ই + উ = য্ + উ | প্রতি + উত্তর = প্রত্যুত্তর, উপরি + উপরি = উপর্যুপরি। |
| ই + ঊ = য্ + ঊ | প্রতি + ঊষ = প্রত্যূষ, প্রতি + ঊর্ধ্ব = প্রত্যূর্ধ্ব। |

**Ans : A.**

7. **"এখন থেকে কারও শান্তিতে আর কোনো রকম বিঘ্ন ঘটবে না।"- সিরাজউদ্দৌলা নাটকে যিনি এই আশ্বাবাদ ব্যক্ত করেছেন-**
A. মিরজাফর B. ক্লাইভ C. মিরন D. উমিচাঁদ

**ব্যাখ্যা :** মিরজাফর ক্ষমতাগ্রহণের পর দেশবাসীর উদ্দেশ্যে বলেন, "দেশবাসীকে আমি আশ্বাস দিচ্ছি যে, তাঁদের দুর্ভোগের অবসান হয়েছে। সিরাজউদ্দৌলার অত্যাচারের হাত থেকে তাঁরা নিস্কৃতি পেয়েছেন। "এখন থেকে কারও শান্তিতে আর কোনো রকম বিঘ্ন ঘটবে না।"

**Ans : A.**

8. **"ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতায় 'রক্তের বুদ্বুদ' বলতে বোঝানো হয়েছে-**
A. রক্তের তেজ B. শহিদের স্মৃতি
C. অবিনাশী বর্ণমালা D. কৃষ্ণচূড়া ফুল

**ব্যাখ্যা : "ফেব্রুয়ারি ১৯৬৯" কবিতার কতিপয় তথ্য-**
- 'ফেব্রুয়ারি ১৯৬৯' কবিতায় 'রক্তের বুদ্বুদ' বলতে বোঝানো হয়েছে- কৃষ্ণচূড়া ফুলকে।
- ঘাতকের থাবার সম্মুখে বুক পাতে – বরকত।
- আমাদের চেতনার রং বলা হয়েছে – একুশের কৃষ্ণচূড়াকে।
- 'হরিৎ উপত্যকা' বলতে বোঝানো হয়েছে – সবুজ দেশকে।
- 'কমলবন' বলতে বোঝানো হয়েছে – মানবিকতা, সুন্দর ও কল্যাণের পথকে।
- কবিতাটি রচিত – গদ্যছন্দে।

**Ans : D.**

9. **যে সম্পর্কটি বিসদৃশ-**
A. ঠাট্টা : শ্লেষ B. হর্ষ : পরিতোষ
C. অভিলাষ : বাঞ্ছা D. নিরন্ধ্র : নিবিড়

**ব্যাখ্যা : কতিপয় শব্দের প্রতিশব্দঃ**

| | |
|---|---|
| ঠাট্টা | উপহাস, রসিকতা, বিদ্রূপ, তামাশা। |
| হর্ষ | আনন্দ, পরিতোষ, পুলক, আহ্লাদ, খুশি। |
| অভিলাষ | অভিপ্রায়, বাঞ্ছা, আকাঙ্ক্ষা, সাধ, কামনা। |
| নিরন্ধ্র | রন্ধ্রহীন, নিশ্ছিদ্র, ঘন, ঠাস-বুনন। |
| নিবিড় | নিশ্ছিদ্র, ঘোর, ঘন, পুরু, গহন। |

**Ans : A.**

•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

**10. আভিধানিক ক্রম অনুসারে সজ্জিত শব্দগুচ্ছ-**

A. নদী, সাগর, বন　　B. ফুল, ফল, পাখি
C. আলো, মাটি, বায়ু　　D. চাঁদ, তারা, সূর্য

**ব্যাখ্যা : স্বরবর্ণ ও ব্যঞ্জনবর্ণের আভিধানিক ক্রম-**
অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৎ, ঃ, -
ক, ক্ষ, খ, গ, ঘ, ঙ, চ, ছ, জ, ঝ, ঞ, ট, ঠ, ড (ড়), ঢ (ঢ়), ণ, ত (ৎ), থ, দ, ধ, ন, প, ফ, ব, ভ, ম, য, য়, র, ল, শ, ষ, স, হ।
**Ans : D.**

**11. 'চক্ষুর দ্বারা গৃহীত'- এর এক কথায় প্রকাশিত রূপ-**

A. চক্ষুস্মান　B. দর্শনীয়　C. গোচর　D. অনিমেষ

**ব্যাখ্যা : কতিপয় এক কথায় প্রকাশ-**
- চক্ষুর দ্বারা গৃহীত = গোচর।
- চক্ষুর সম্মুখে সংগঠিত = চাক্ষুষ।
- দর্শনের যোগ্য = দর্শনীয়।
- অক্ষির অগোচরে = পরোক্ষ।
- চোখে দেখে যে = চক্ষুস্মান।
- যার চক্ষু লজ্জা নেই = চশমখোর।
- যা কখনো নষ্ট হয় না = অবিনশ্বর।
- নষ্ট হওয়া স্বভাব যার = নশ্বর।
- ধী আছে যার = ধীমান।

**Ans : C.**

**12. 'মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়।' যে রচনার উদ্ধৃতি-** (M)

A. রেইনকোট　　B. নেকলেস
C. বায়ান্নর দিনগুলো　　D. অপরিচিতা

**ব্যাখ্যা : 'বায়ান্নর দিনগুলো' রচনার কতিপয় উক্তিঃ**
- "মানুষ স্বার্থের জন্য অন্ধ হয়ে যায়।"
- "জনমতের বিরুদ্ধে যেতে শোষকরাও ভয় পায়।"
- "মাতৃভাষা আন্দোলনে পৃথিবীতে এই প্রথম বাঙালিরাই রক্ত দিল।"
- "মানুষের যখন পতন আসে, তখন পদে পদে ভুল হতে থাকে।"
- "ভরসা হলো আর দমাতে পারবে না।"
- "যা-ই হোক না কেন, আমরা অনশন ভাঙব না। যদি এই পথেই মৃত্যু এসে থাকে তবে তা-ই হবে।"

**Ans : C.**

**13. লালসালু উপন্যাসে মজিদ চরিত্র সম্পর্কে প্রাসঙ্গিক নয়-**

A. শেকড়হীন বৃক্ষপ্রতিম অবস্থান　B. সংসার ঔদাসীন্য
C. অন্তহীন নৈঃসঙ্গ্য　　D. মানুষিক অন্তর্দ্বন্দ্ব

**ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের গুরুত্বপূর্ণ কতিপয় চরিত্র ও পরিচিতি-**

| চরিত্র | পরিচিতি |
|---|---|
| মজিদ | কেন্দ্রীয় চরিত্র, ধূর্ত, শঠ, ধর্ম-ব্যবসায়ী। |
| খালেক ব্যাপারী | ভূ-স্বামী, মাতব্বর। |
| আমেনা বিবি | খালেক ব্যাপারীর ১ম স্ত্রী। |
| তানু বিবি | খালেক ব্যাপারীর ২য় স্ত্রী। |
| রহিমা, জমিলা | মজিদের ১ম ও ২য় স্ত্রী। |
| ধলা মিয়া | তানু বিবির বড় ভাই। |
| দুদু মিঞা | সাত ছেলের বাপ। |
| মোদাচ্ছের পির | মাজারের কল্পিত পির। |
| মোদাব্বের মিঞা | আক্কাসের পিতা। |

**Ans : B.**

**14. লালসালু উপন্যাসে সম্পত্তি নিয়ে স্বার্থবুদ্ধি প্রকাশক একটি উদ্ধৃতি হলো-**

A. ঠ্যাঙা বেটিরে, ঠ্যাঙা।　B. যতসব শয়তানি, বেদাতি কাজ-কারবার।
C. কলমা জানস্ না ব্যাটা।　D. নাফরমানি করিও না।

**ব্যাখ্যা : 'লালসালু' উপন্যাসের কতিপয় উক্তি-**
- "ঠ্যাঙা বেটিরে, ঠ্যাঙা।' (তাহের -কাদের, বাবা-মায়ের ঝগড়ায় স্বার্থের জন্য বাবার পক্ষ নিয়ে বলে)।
- "খোদার জিনিস খোদা তুইলা লইয়া গেছে।' (হাসুনির মা, পিতার নিরুদ্দেশ সম্পর্কে)।
- "মাটিরে কষ্ট দেওন গুনাহ।" (রহিমাকে মজিদ)।
- "শস্যের চেয়ে টুপি বেশি, ধর্মের আগাছা বেশি।"
- "তোমার দাড়ি কই মিঞা?" (মজিদ, আক্কাসকে)।
- "কলমা জানো মিঞা?" (মজিদ, সাত ছেলের বাপ দুদু মিঞাকে)।

**Ans : A.**

**15. *সিরাজউদ্দৌলা* নাটকে 'স্ট্যান্ডিং লাইক পিলার্স' বলতে বোঝানো হয়েছে-**

A. ইংরেজ সৈন্যদের　　B. নবাবের সৈন্যদের
C. রাজকর্মচারীদের　　D. নিরাপত্তা প্রহরীদের

**ব্যাখ্যা : 'সিরাজউদ্দৌলা' নাটকের কতিপয় তথ্যঃ**
- 'স্ট্যান্ডিং লাইক পিলার্স' বলতে বোঝানো হয়েছে - পলাশির যুদ্ধে নবাব সৈন্যদের যুদ্ধ না করে দাঁড়িয়ে থাকাকে।
- 'ওরা বেনিয়ার জাত, পয়সা ছাড়া কিছু বুঝে না।' উক্তিটি - রাজবল্লভের (ইংরেজদের সম্পর্কে)।
- ধনকুবের হলেন - জগৎশেঠ।
- উমিচাঁদ মুগ্ধ হলেন - রাইসুল জুহালার কেরামতিতে ।
- 'দি ব্রেভেস্ট সোলজার ইজ ডেড।' উক্তিটি - সাফ্রের (মিরমর্দান সম্পর্কে)।

**Ans : B.**

## General English

Appropriate Preposition

**Fill in the gaps (1-2)**

**1. Shilpi insisted me____ my going home.**

A. from　B. on　C. to　D. in

ব্যাখ্যা : Insist on (v.) - জিদ করা
**Note :** Insist এর পর preposition 'on' বসে।
**Example :** Rahim insisted on playing Football.
**কিছু গুরুত্বপূর্ণ Appropriate Preposition :**

| | | |
|---|---|---|
| Devoid of | Devote to | Prohibit from |
| Protect from | Stick to | Congratulate on |
| Aware of | Key to | Object to |
| Indifferent to | Dedicate to | Addicted to |
| Remedy for | Deprive of | Sympathy for |
| Refrain from | Beset with | Callous to |
| Different from | Averse to | |

**Ans : B.**

**2. The peace movement tends to oppose the ___ of dangerous technologies and weapons of mass destruction.** Completing Sentence

A. extermination　　B. smuggling
C. minimization　　D. proliferation

ব্যাখ্যা : প্রশ্নটি Text book এর Unit-10, Lesson-5 'The Peace Movement' থেকে হুবহু নেওয়া হয়েছে।
Proliferation (N.) - বিস্তার　　Extermination (N.) - ধ্বংস
Smuggling (N.) - চোরাচালান　　Minimization (N.) -হ্রাস
**Ans : D.**

**3. His friend accused him of spilling the beans. The bold faced phrase means-**

A. cooking beans　　B. buying coins
C. revealing secrets　　D. spilling a bag of beans

ব্যাখ্যা : 'Spill the beans' phrase টির অর্থ- গোপন তথ্য ফাঁস করা (revealing secrets)। Phrase Idiom.
**Ans : C.**

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

4. **Change into reported form : "I'll have a cup of tea", my friend said, "because i'm not hungry."**
A. My friend said that he will have a cup of tea because he wasn't hungry
B. My friend said that he would have had a cup of tea because he wasn't hungry.
C. My friend said that he had had a cup of tea because he wasn't hungry.
D. My friend said that he would have a cup of tea because he wasn't hungry.

ব্যাখ্যা : Direct Speech এ will থাকলে would এবং am/is/are থাকলে was/were হবে Reported Speech এ।
প্রদত্ত প্রশ্নে I'll = I will অর্থাৎ I will এর contraction হচ্ছে I'll।
**Ans : D.**

Narration

5. **The expression 'to commence' means-**
A. to start B. incorporate
C. to defend D. to focus

ব্যাখ্যা : Commence (v.) - শুরু করা।
Incorporate (v.) - একীভূত হওয়া/একত্র করা।
Defend (v.) - প্রতিরক্ষা করা।
Focus (v.) – মনোনিবেশ করা/ নিবদ্ধ করা।
**Commence এর কিছু Synonym and Antonym:**
**Synonyms:** Begin, Start, Initiate, Launch, Open.
**Antonyms:** End, Finish, Terminate, Conclude, Perish.
**Ans : A.**

Synonym

6. **Choose the correct spelling from the following-**
A. Antijen B. Antegen C. Antigen D. Antygen

ব্যাখ্যা : Antigen-(N.) যে পদার্থ দেহের ভিতরে ক্ষতিকর পদার্থকে প্রতিরোধ করার শক্তি উৎপাদন করে।
**কিছু গুরুত্বপূর্ণ Spelling :**

| | | |
|---|---|---|
| Bureaucrat | Millionaire | Sustenance |
| Bilirubin | Pneumonia | Lampoon |
| Diarrhoea | Souvenir | Leisure |
| Ecstasy | Comparative | Phoenix |
| Hippopotamus | Dilemma | Psychology |
| Maintenance | Hallucination | Possession |
| Juvenile | Handkerchief | Spontaneous |
| Lieutenant | Grievance | |

**Ans : C.**

Spelling

7. **Make an appropriate question from this statement : "The class will begin at 8.30 a.m."**
A. When will the class held?
B. Where will the class be held?
C. When the class will begin?
D. At what time will the class begin?

ব্যাখ্যা : প্রদত্ত Sentence টি কে Interrogative করতে হলে At what time + Auxiliary verb + Subject + Main verb বসবে + ?
At what time + will + the class + begin?
A.V Sub M.V
**Ans : D.**

Sentence

8. **There are several likely reasons why Asians are not *prioritized* in medical research in the West. The Italic faced word is used as a/an-**
A. conjunction B. noun
C. verb D. adjective

Verb

ব্যাখ্যা : প্রদত্ত বাক্যটিতে 'prioritized' verb হিসেবে ব্যবহৃত হয়েছে। Clause টি passive এ দেওয়া আছে।
**Ans : C.**

9. **The early 20th century Bangladeshi Diaspora in Britain was chiefly a____ phenomenon.**
A. non-professional B. specific region based
C. predominant D. well planned

ব্যাখ্যা : প্রদত্ত প্রশ্নটি Textbook এর Unit-9, Lesson-4 থেকে করা হয়েছে। Textbook এর লাইনটি হলো, "Migration from Bangladesh to Britain started in 1930s and was predominantly a Sylheti phenomenon".
প্রশ্নে specific region based (নির্দিষ্ট অঞ্চল ভিত্তিক) বলতে মূলত Sylheti কে বুঝাচ্ছে।
**Ans : B.**

Completing Sentence

10. **___ is not a synonym of the word 'snarl'.**
A. Confusion B. Intricacy
C. Disarray D. Disentangle

ব্যাখ্যা : 'Snarl' শব্দটি Textbook এর Unit-8, Lesson-5 থেকে নেওয়া। Robert Frost এর 'Out, Out' কবিতার প্রথম লাইনে আছে 'The buzz saw snarled'.
Snarl(V.) - জট পাকানো/Twist. Confusion (N.) - সংশয়।
Intricacy (N.) - দুর্বোধ্যতা। Disarray (N.) - বিশৃঙ্খলা।
Disentangle (V.) - জট খোলা।
**Snarl এর কিছু Synonym এবং Antonym:**
**Synonyms:** Entangle, Intertwist, Tangle, Knot, Interweave, Interlace, Intertwine
**Antonyms:** Disentangle, Unsnarl, Untangle, Unknot, Untwist, Untwine
**Ans : D.**

Synonym

11. **"Elizabeth unwillingly undertook the sea voyage." The passive form of the sentence is-**
A. The sea voyage was undertaken by Elizabeth unwillingly.
B. The sea voyage is undertaken by Elizabeth unwillingly.
C. Unwillingly by Elizabeth, the sea voyage undertaken.
D. The sea voyage had undertaken by Elizabeth unwillingly.

ব্যাখ্যা : Sentence টি Past Indefinite এ আছে। Active থেকে passive করার সময় Past Indefinite এ was/were আনতে হবে + verb এর past participle হবে।
**Ans : A.**

Voice

12. **The idiom which is not related to the concept : 'a positive attitude.'**
A. sour grapes B. get up and go
C. shot in the arm D. rose-tinted glasses

ব্যাখ্যা: Sour grapes - আঙ্গুর ফল টক / যা চায় তা পায়না বলে সেটিকে খারাপ/মূল্যহীন বলা। এটি একটি Negative attitude.
Get up and go - শক্তি, উদ্যম, সংকল্প যা একটি Positive attitude.
Shot in the arm - যেটি উৎসাহ, উদ্দীপনা যোগায়। এটি একটি Positive attitude.
Rose-tinted glasses/Rose-Coloured glasses- কোন কিছুর ভাল দিকগুলো দেখা। এটি একটি Positive attitude।
প্রশ্নে বলেছে which is not related to 'a positive attitude'। তার মানে negative attitude টা দাগাতে হবে।
**Ans : A.**

Idiom Phrase

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

Completing Sentence

13. 'It has made it possible for people all over the planet to reach out and touch someone.' The bold faced word refers to-
A. NASA B. WWW
C. Microchip D. Pacemaker

ব্যাখ্যা : Sentence টি Textbook এর unit-2, Lesson-1 থেকে নেওয়া হয়েছে। এখানে 'It' বলতে WWW (World Wide Web) কে বুঝানো হয়েছে।
Ans : B.

Completing Sentence

14. 'A mechanical organization' should not be related to a-
A. workshop B. warehouse
C. Butcher shop D. university

ব্যাখ্যা : প্রদত্ত প্রশ্নটিতে Textbook এর Unit-15, Lesson-1 এর প্রথম লাইনের অন্তর্নিহিত অর্থকে বুঝানো হয়েছে। লাইনটি ছিল 'Universities should never be made into mechanical organizations for collecting and distributing knowledge'. এখানে বলা হয়েছে University কে mechanical organization (যান্ত্রিক সংগঠন) এ পরিণত করা উচিত নয়।
Ans : D.

Affirmative Neg-Agreement

15. Poetry in every language celebrates beauty and truth.____
A. So does art. B. So as art.
C. As well as art. D. Why not art?

ব্যাখ্যা : Sentence টি Textbook এর Unit-5, Lesson-1 থেকে হুবহু নেওয়া হয়েছে। এটি একটি Affirmative Agreement।

**Affirmative Agreement**

1) Sub + positive verb + ..... + and + so + auxiliary verb + sub.
**Example :** He Plays football, and so do I
A.V S

2) Sub + positive verb + ....... + and + sub + auxiliary verb + too.
**Example :** I like to eat, and she does too.
S A.V

Auxiliary verb টি sentence -এর মূল verb অনুযায়ী হয়। এখানে 'Celebrates' যা present -এ আছে তাই Auxiliary verb হবে 'does'।
Ans : A.

## সাধারণ জ্ঞান

1. ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠায় যাঁর গুরুত্বপূর্ণ ভূমিকা ছিল-
A. ধীরেন্দ্রনাথ দত্ত B. মওলানা মোহাম্মদ আকরাম খাঁ
C. আবুল হাশিম D. নবাব নওয়াব আলী চৌধুরী

ব্যাখ্যা : নবাব নওয়াব আলী চৌধুরী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জন্মসাল-মৃত্যুসাল - ১৮৬৩-১৯২৯ (৬৫ বছর)।
- তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্যতম - প্রতিষ্ঠাতা।
- তিনি অবিভক্ত বাংলার প্রথম মুসলিম - মন্ত্রী (শিক্ষামন্ত্রী)।
- জন্মস্থান- টাঙ্গাইল ও মৃত্যুস্থান - দার্জিলিং।
- তাঁর জীবনে অন্যতম আন্দোলন - বঙ্গভঙ্গ।
- প্রাপ্ত পদবি - খান বাহাদুর, নওয়াব, নওয়াব বাহাদুর।

Ans : D.

2. পৃথিবী সূর্যের____ নিকটতম গ্রহ।
A. ২য় B. ৩য় C. ৪র্থ D. ৫ম

ব্যাখ্যা : পৃথিবী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- পৃথিবী সূর্যের - নিকটতম গ্রহ (তৃতীয়)।
- সূর্য থেকে পৃথিবীর গড় দূরত্ব - ১৫ কোটি কিলোমিটার।
- পৃথিবীর ব্যাস প্রায় - ১২,৬৬৭ কিলোমিটার।
- সূর্যকে প্রদক্ষিণ করতে পৃথিবীর সময় লাগে - ৩৬৫ দিন ৫ ঘন্টা ৪৮ মিনিট ৪৭ সেকেন্ড।
- পৃথিবীর একমাত্র উপগ্রহ - চাঁদ।
- উদ্ভিদ ও জীবজন্তুর জন্য প্রয়োজনীয় অক্সিজেন ও নাইট্রোজেন বিদ্যমান- পৃথিবীতে।

Ans : B.

3. নিচের যে পত্রিকাটি ১৯৭১ সালে বাংলাদেশ মুক্তাঞ্চল থেকে প্রকাশিত হয়-
A. পূর্বাণী B. দেশের কথা C. বিপ্লবী কথা D. জয় বাংলা

ব্যাখ্যা : 'জয় বাংলা' পত্রিকা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জয় বাংলা পত্রিকার প্রকাশকাল - ১৯৭১ সাল।
- প্রকাশক ও সম্পাদক ক্রমান্বয়ে - আব্দুল মান্নান ও মতিন আহমদ।
- সদরদপ্তর - ২১/১ বালু হাক্কাক লেন, পার্ক সার্কাস, কলকাতা।
- পত্রিকাটি প্রকাশিত হতো - সপ্তাহে ১ দিন।
- পত্রিকাটির প্রথম সংখ্যায় মুদ্রিত হয় - গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের স্বাধীনতার ঘোষণা।

Ans : D.

4. রংপুরে যে ক্ষুদ্র নৃগোষ্ঠীর বাস-
A. রাজবংশী B. মাহাতো C. বম D. মুন্ডা

ব্যাখ্যা : 'রাজবংশী' উপজাতি সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- রাজবংশীদের অবস্থান - রংপুর, রাজশাহী ও ভারতের ৬ জেলায়।
- রাজবংশীরা বাঙালিদেরই একটি ভাগ, তারা হলো - পৌণ্ড্রক্ষত্রিয়।
- রাজবংশীদের গঠন - খর্বকায়, লম্বা, চ্যাপ্টা নাক, ছোট চোখ।
- রাজবংশীদের ধর্ম - বৈষ্ণব (এরা শিবভক্ত)।
- রাজবংশীদের পরিবার - পিতৃ-প্রধান।
- রাজবংশীদের ধর্মীয় অনুষ্ঠান- হুদুমা পূজা, ব্যাঙের বিয়ে।

Ans : A.

5. 'কোর্ট অব রেকর্ড' বলা হয় যে আদালতকে-
A. সুপ্রিম কোর্ট B. হাই কোর্ট
C. জজ কোর্ট D. ম্যাজিস্ট্রেট কোর্ট

ব্যাখ্যা : 'সুপ্রিম কোর্ট' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- কোর্ট অব রেকর্ড বলা হয় - সুপ্রিম কোর্টকে।
- সুপ্রিম কোর্ট সম্পর্কে বিধান আছে - সংবিধানের ৬ষ্ঠ অধ্যায়ে।
- সুপ্রিম কোর্ট গঠিত - হাইকোর্ট এবং আপিল বিভাগ নিয়ে।
- সুপ্রিম কোর্টের স্থায়ী আসন থাকবে - ঢাকায়।
- সুপ্রিম কোর্টের কথা আছে সংবিধানের - ১০০ নং ধারায়।
- হাইকোর্ট এবং আপিল বিভাগের এখতিয়ার বর্ণিত আছে- সংবিধানের ১০১ ও ১০৩ নং ধারায়।

Ans : A.

6. স্থানীয় মুদ্রার অবমূল্যায়ন হলে-
A. আমদানি বাড়ে B. রপ্তানি বাড়ে
C. বাজেট ঘাটতি বাড়ে D. রপ্তানি কমে

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- বৈদেশিক মুদ্রার হিসাবে অথবা স্বর্ণের হিসাবে যখন কোন দেশের মুদ্রার আন্তর্জাতিক বিনিময়মূল্য হ্রাস হয়, তখন তাকে মুদ্রার অবমূল্যায়ন বলে।
- স্থানীয় মুদ্রার অবমূল্যায়ন হলে - রপ্তানি বাড়ে।
- স্থানীয় মুদ্রার অবমূল্যায়ন হলে - আমদানি কমে।
- স্থানীয় মুদ্রার অবমূল্যায়ন হলে - স্থানীয় পণ্যের দাম কমে।

Ans : B.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

7. সদ্যঘোষিত 'আউকুস' চুক্তির অন্তর্ভুক্ত দেশ নয়-
A. জাপান B. যুক্তরাষ্ট্র C. যুক্তরাজ্য D. অস্ট্রেলিয়া

ব্যাখ্যা : 'আউকুস চুক্তি' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- আউকুস (AUKUS) চুক্তির অন্তর্ভুক্ত নয় - জাপান।
- AUKUS চুক্তিতে স্বাক্ষরকারী দেশ - অস্ট্রেলিয়া, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র।
- AUKUS চুক্তির বিরোধীতাকারী রাষ্ট্র - চীন ও ফ্রান্স।
- AUKUS চুক্তিতে স্বাক্ষরকারী রাষ্ট্রত্রয় কাজ করবে - ভারত মহাসাগর এবং প্রশান্ত মহাসাগরের রাজনীতিতে।
- QUAD চুক্তির অন্তর্ভুক্ত দেশ - ভারত, জাপান, আমেরিকা, অস্ট্রেলিয়া।

Ans : A.

8. ২০২০ সালে অস্কার পুরস্কারপ্রাপ্ত শ্রেষ্ঠ চলচ্চিত্র হলো-
A. মিনারি B. প্যারাসাইট
C. হোয়াইট টাইগার D. ম্যারেজ স্টোরি

ব্যাখ্যা : বিভিন্ন সালে অস্কার বিজয়ী কিছু সিনেমার নাম :

| সাল | সিনেমার নাম | প্রযোজনা কোম্পানি |
|---|---|---|
| ২০২১ | নোম্যাডল্যান্ড | ক্লোয়ি ঝাও |
| ২০২০ | প্যারাসাইট | কোয়াক সিন এ, বং জুন হো |
| ২০১৯ | গ্রিন বুক | গিলারমো দেল তোরো ও জে মিলস ডেল |
| ২০১৮ | দ্য শেপ অব ওয়াটার | গিলারমো দেল তোরো ও জে মিলস ডেল |
| ২০১৭ | মুনলাইট | অ্যাডেল রোমানস্কি, ডিড গার্ডেনার ও জেরেমি ক্লেইনার |

Ans : B.

9. 'দি ওয়েলথ অব নেশনস্' গ্রন্থের রচয়িতা-
A. অ্যাডাম স্মিথ B. চার্লস টেইলর
C. জি.ডব্লিউ.এফ. হেগেল D. কার্ল মার্কস

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু গ্রন্থ এবং গ্রন্থকার :

| গ্রন্থ | গ্রন্থকার |
|---|---|
| Ancient Society | লুইস হেনরী মর্গান |
| Sucide | ডেভিড এমিল ডুর্খাইম |
| দি রোড টু মক্কা | মুহাম্মাদ আসাদ |
| Asian Drama | গুনার মিরডাল |
| Orientalism | এডওয়ার্ড সাঈদ |

Ans : A.

10. নিচের যে দেশটি জাতিসংঘ নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য নয়-
A. ফ্রান্স B. চীন C. রাশিয়া D. জার্মানি

ব্যাখ্যা : জাতিসংঘের নিরাপত্তা পরিষদের স্থায়ী সদস্য রাষ্ট্রের তালিকা :
- যুক্তরাষ্ট্র • যুক্তরাজ্য • ফ্রান্স • রাশিয়া • চীন

Ans : D.

11. বঙ্গবন্ধু-ঘোষিত ছয় দফা দাবির যে দফায় পৃথক মুদ্রাব্যবস্থার প্রসঙ্গ রয়েছে-
A. ২ B. ৩ C. ৪ D. ৫

ব্যাখ্যা : বঙ্গবন্ধুর ছয় দফা প্রস্তাবনার দফাগুলো লক্ষ্য কর :
- পাকিস্তানে যুক্তরাষ্ট্রীয় ব্যবস্থাধীনে সংসদীয় পদ্ধতির সরকার হবে।
- প্রদেশগুলোর পূর্ণ স্বায়ত্তশাসন থাকবে। কেন্দ্রীয় সরকারের হাতে থাকবে প্রতিরক্ষা ও পররাষ্ট্র বিষয়। অন্যান্য বিষয় থাকবে প্রাদেশিক সরকারের হাতে।
- দেশের দুই অঞ্চলের জন্য সহজে বিনিময়যোগ্য দুটি মুদ্রা চালু থাকবে।
- সকল প্রকার রাজস্ব ধার্য ও আদায়ের ক্ষমতা থাকবে অঙ্গরাজ্যগুলোর হাতে।
- বৈদেশিক মুদ্রা ও বৈদেশিক বাণিজ্যের ক্ষেত্রে প্রদেশগুলোর হাতে পূর্ণ নিয়ন্ত্রণ থাকবে।
- প্রদেশগুলোর আঞ্চলিক নিরাপত্তার জন্য আধা সামরিক বাহিনী গঠন করার ক্ষমতা থাকবে।

Ans : B.

12. রোমান সভ্যতার স্থাপত্য নিদর্শন 'কলোসিয়াম' হলো-
A. খেলার মাঠ B. নাট্যশালা
C. বিশ্ববিদ্যালয় D. উপাসনালয়

ব্যাখ্যা : বিভিন্ন সভ্যতা ও স্থাপত্য নিদর্শন :

| স্থাপত্য নিদর্শন | সভ্যতার নাম |
|---|---|
| পিরামিড (সমাধি) | মিশরীয় সভ্যতা |
| চীনের মহাপ্রাচীর | প্রাচীন চৈনিক সভ্যতা |
| পার্থেনন (মন্দির) | গ্রিক সভ্যতা |
| প্যানথিয়ন (ধর্মমন্দির) | রোমান সাম্রাজ্য |
| কলোসিয়াম (নাট্যশালা) | রোমান সাম্রাজ্য |

Ans : B.

13. নিচের যেটি বাংলার প্রাচীন জনপদ-
A. চন্দ্রদ্বীপ B. ময়নামতি C. হরিকেল D. পাটালীপুত্র

ব্যাখ্যা : প্রাচীন জনপদ ও তার বর্তমান অবস্থানের তালিকা :

| প্রাচীন জনপদ | বর্তমান অবস্থান |
|---|---|
| পুন্ড্র | বৃহত্তর বগুড়া, রাজশাহী, রংপুর, দিনাজপুর |
| বঙ্গ | বৃহত্তর ঢাকা, ময়মনসিংহ, কুষ্টিয়া, ফরিদপুর, বরিশাল, পটুয়াখালী |
| সমতট | বৃহত্তর কুমিল্লা, নোয়াখালী |
| হরিকেল | সিলেট, চট্টগ্রাম |
| চন্দ্রদ্বীপ | বরিশাল, পিরোজপুর, পটুয়াখালী, খুলনা, বাগেরহাট |
| গৌড় | মালদহ, মুর্শিদাবাদ, চাঁপাই নবাবগঞ্জ |
| রাঢ় | পশ্চিম বাংলার দক্ষিণাংশ (বর্ধমান জেলা) |

Ans : C.

14. বাংলাদেশের মুক্তিযুদ্ধকালে লন্ডনে প্রতিষ্ঠিত বাংলাদেশ দূতাবাসের হাইকমিশনার ছিলেন-
A. এম হোসেন আলী B. আবু সাঈদ চৌধুরী
C. এস. এ. করিম D. এম. আর. সিদ্দিকী

ব্যাখ্যা : বাংলাদেশের মুক্তিযুদ্ধে যাদের অবদান অনস্বীকার্য এমন কয়েকজন বিখ্যাত ব্যক্তির পরিচয় :

| ব্যক্তির নাম | পরিচয় |
|---|---|
| আবু সাঈদ চৌধুরী | লন্ডনে প্রতিষ্ঠিত বাংলাদেশ দূতাবাসের হাইকমিশনার। |
| এম আর আখতার মুকুল | স্বাধীন বাংলা বেতার কেন্দ্রের উপস্থাপক। |
| W.A.S ওডারল্যান্ড | বীর প্রতীক খেতাবপ্রাপ্ত সাংবাদিক। |
| আনোয়ার পাশা | ৭১ এর শহীদ বুদ্ধিজীবী। |
| ক্যাপ্টেন ডা. সেতারা বেগম | বীর প্রতীক খেতাবপ্রাপ্ত নারী। |

Ans : B.

15. বাংলাদেশের সংবিধানের যে ভাগে মৌলিক অধিকার বর্ণিত আছে-
A. ১ম B. ২য় C. ৩য় D. ৪র্থ

ব্যাখ্যা : বাংলাদেশের সংবিধানের বিভাগ, বিষয় ও অনুচ্ছেদ :

| বিভাগ | বিষয় | অনুচ্ছেদ |
|---|---|---|
| প্রথম | প্রজাতন্ত্র | ০১-০৭ |
| দ্বিতীয় | রাষ্ট্র পরিচালনার মূলনীতি | ০৮-২৫ |
| তৃতীয় | মৌলিক অধিকার | ২৬-৪৭ |
| চতুর্থ | নির্বাহী বিভাগ | ৪৮-৬৪ |
| পঞ্চম | আইনসভা | ৬৫-৯৩ |
| ষষ্ঠ | বিচার বিভাগ | ৯৪-১১৭ |
| সপ্তম | নির্বাচন | ১১৮-১২৬ |
| অষ্টম | মহা হিসাব-নিরীক্ষক ও নিয়ন্ত্রক | ১২৭-১৩২ |
| নবম | বাংলাদেশের কর্মবিভাগ | ১৩৩-১৪১ |
| দশম | সংবিধান সংশোধন | ১৪২ |
| একাদশ | বিবিধ | ১৪৩-১৫৩ |

Ans : C.

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

16. সেপ্টেম্বর ২০২১ পর্যন্ত আন্তর্জাতিক টি-২০ প্রতিযোগিতায় যে কয়টি সিরিজে বাংলাদেশ জয়লাভ করেছে-
A. ২টি B. ৭টি C. ৮টি D. ৯টি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- বিসিবি প্রতিষ্ঠিত হয় - ১৯৭২ সালে।
- বিসিবির বর্তমান সভাপতি - নাজমুল হাসান পাপন।
- বাংলাদেশ T-20 সিরিজ জিতেছে - ৯টি।
- বাংলাদেশ সর্বশেষ T-20 সিরিজ জিতেছে - নিউজিল্যান্ডের বিপক্ষে।
- বাংলাদেশ সর্বোচ্চ T-20 ম্যাচ জয় করেছে - ২০২১ সালে।

Ans : D.

17. জাতীয় সংসদে সরকারি দলের মুখপাত্র হিসেবে কাজ করেন-
A. প্রধানমন্ত্রী B. চিফ হুইপ C. সাধারণ সম্পাদক D. স্পিকার

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- জাতীয় সংসদের মোট আসন - ৩৫০ (নির্বাচিত আসন ৩০০ + সংরক্ষিত নারী আসন ৫০)।
- সংসদের ১ নং আসন - পঞ্চগড়।
- সংসদের ৩০০ নং আসন - বান্দরবান।
- সংসদের কাস্টিং ভোট - স্পীকারের ভোট।
- সংসদে হুইপের কাজ - শৃঙ্খলা রক্ষা করা।
- জাতীয় সংসদের সভাপতি - স্পীকার।
- জাতীয় সংসদের নেতা - প্রধানমন্ত্রী।
- জাতীয় সংসদে সরকারি দলের মুখপাত্র- চিফ হুইপ।

Ans : B.

18. ২০২১-২০২২ সালের উন্নয়ন বাজেটে যে খাতে ২য় সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়েছে-
A. স্বাস্থ্য B. শিক্ষা ও প্রযুক্তি C. কৃষি D. পরিবহণ ও যোগাযোগ

ব্যাখ্যা : ২০২১-২০২২ সালের বাজেট সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- ২০২১-২২ সালের বাজেট পরিমাণ - ৬ লাখ ৩ হাজার ৬৮১ কোটি টাকা।
- ২০২১-২২ বাজেটের শ্লোগান- অর্থনৈতিক উত্তরণ ও ভবিষ্যৎ পথ পরিক্রমা।
- ২০২১-২২ বাজেটের মোট রাজস্ব আয় - ৩ লাখ ৮৯ হাজার কোটি টাকা।
- ২০২১-২২ বাজেটে জিডিপি প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা- ৭.২ শতাংশ।
- ২০২১-২২ বাজেটে মূল্যস্ফীতি নির্ধারণ করা হয়েছে - ৫৩ শতাংশ।
- ২০২১- ২০২২ বাজেটে সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়েছে - পরিবহণ ও যোগাযোগ খাতে।
- ২০২১- ২০২২ বাজেটে ২য় সর্বোচ্চ বরাদ্দ রাখা হয়েছে - শিক্ষা ও প্রযুক্তি খাতে।

Ans : D.

19. যে দেশ থেকে প্রবাসীরা বাংলাদেশে সবচেয়ে বেশি রেমিটেন্সের অর্থ প্রেরণ করেন-
A. সৌদি আরব B. যুক্তরাজ্য C. আরব আমিরাত D. যুক্তরাষ্ট্র

ব্যাখ্যা : 'সৌদি আরব' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- রাষ্ট্রীয় নাম - কিংডম অব সৌদি আরাবিয়া।
- জাতীয় পতাকা কখনোই - অর্ধনমিত হয় না।
- রাজধানী ও ভাষা - রিয়াদ ও আরবি।
- মুদ্রা - সৌদি রিয়াল।
- নদী, সংবিধান ও পার্লামেন্ট - নাই।
- শাহ আব্দুল আজিজ ইবন সউদ বাদশাহ হন - ১৯৩২ সালে।
- মক্কা ও মদিনা অবস্থিত - সৌদি আরবে।
- বাংলাদেশে সবচেয়ে বেশি রেমিটেন্স আসে - সৌদি আরব থেকে।

Ans : A.

20. ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা সংরক্ষণে "২০২১ সালের আন্তর্জাতিক মাতৃভাষা পদক" পেয়েছেন-
A. সঞ্জীব দ্রং B. মথুরা বিকাশ ত্রিপুরা
C. জ্যোতি প্রকাশ চাকমা D. জুরি মং

ব্যাখ্যা : বাংলাদেশের ক্ষুদ্র-নৃগোষ্ঠী সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- পার্বত্য চট্টগ্রামে বসবাস করে - ১৩টি ক্ষুদ্র নৃগোষ্ঠী।
- প্রতিটি নৃগোষ্ঠীর স্ব স্ব ভাষা এবং সংস্কৃতি আছে।
- পাঠ্যবইয়ে নৃগোষ্ঠীর ভাষা সংযোজিত হয়- ২০১৬ সালে।
- চাকমা ভাষা গবেষণা ও প্রশিক্ষণ কেন্দ্র গড়ে উঠে- ২০১৫ সালে।
- ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষা সংরক্ষণে '২০২১ সালের আন্তর্জাতিক মাতৃভাষা পদক' পেয়েছেন- মথুরা বিকাশ ত্রিপুরা।

Ans : B.

21. স্টোরেজ ডিভাইসে ডেটা সংরক্ষণ না করেই ডেটা ট্রান্সমিট করার প্রক্রিয়াকে বলা হয় ____ ট্রান্সমিশন।
A. অ্যাসিনক্রোনাস B. সিমপ্লেক্স
C. সিনক্রোনাস D. আইসোক্রোনাস

ব্যাখ্যা : অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশন- যে ডেটা ট্রান্সমিশন সিস্টেমে প্রেরক হতে ডেটা গ্রাহকে ক্যারেক্টার বাই ক্যারেক্টার ট্রান্সমিট হয় তাকে অ্যাসিনক্রোনাস ট্রান্সমিশন বলে।
এর সুবিধাসমূহ :
- যে কোনো সময় প্রেরক ডেটা প্রেরণ করতে পারে এবং গ্রাহক ডেটা গ্রহণ করতে পারে।
- ডেটা ইনপুট করার পর তা সংরক্ষণের জন্য ডেটা বাফার রেজিস্টার প্রয়োজন হয় না।
- ডেটা ট্রান্সমিশনের জন্য প্রেরকের কোন প্রাইমারি স্টোরেজ ডিভাইসের প্রয়োজন হয় না।
- এটির ইন্সটলেশন অত্যন্ত কম।

Ans : A.

22. সি প্রোগ্রামিং ভাষায় দুটি সংখ্যার তুলনা করার জন্য ব্যবহৃত একটি রিলেশনাল অপারেটর হলো-
A. = ? B. = ! C. = ≥ D. <

ব্যাখ্যা : 'সি প্রোগ্রামিং' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য-
- 'সি প্রোগ্রামিং' ভাষাটি নির্মাণ করেন- ডেনিস রিচি।
- সি নির্মাণের প্রথম উদ্দেশ্য- ইউনিক্স অপারেটিং সিস্টেম এর কোড লেখা।
- সি'র সবচেয়ে আকর্ষণীয় দিক - এর বহনযোগ্যতা।
- যেকোনো অপারেটিং সিস্টেম এর কম্পিউটারে চলে - সিতে রচিত প্রোগ্রাম।
- সি প্রোগ্রামিং ভাষার নবীনতম সংস্করণ (সি-১১) প্রকাশিত হয় - ২০১১ সালে।
- সি প্রোগ্রামিং ভাষায় দুটি সংখ্যার তুলনার জন্য ব্যবহৃত একটি রিলেশনাল অপারেটর হলো -[<]।

Ans : D.

23. যে প্রোগ্রামিং ল্যাংগুয়েজ সাধারণত কৃত্রিম বুদ্ধিমত্তা প্রয়োগের ক্ষেত্রে ব্যবহৃত হয় না-
A. সি ++ B. ম্যাটল্যাব C. ফক্সপ্রো D. প্রোলগ

ব্যাখ্যা : কৃত্রিম বুদ্ধিমত্তায় যে সকল ল্যাংগুয়েজ ব্যবহৃত হয় - পাইথন, এলআইএসপি, আর, প্রোলগ, সি++, জাভাস্ক্রিপ্ট, জাভা, হাস্কেল, জুলিয়া, ম্যাটল্যাব।
কৃত্রিম বুদ্ধিমত্তায় ব্যবহৃত হয়না ফক্সপ্রো।

Ans : C.

24. ২২তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে যে শহরে-
A. বার্মিংহাম B. মেলবোর্ন
C. কুয়ালালামপুর D. সিঙ্গাপুর সিটি

ব্যাখ্যা : 'কমনওয়েলথ গেমস' সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
- প্রথম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় - ১৯৩০ সালে।
- কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হয় - ০৪ বছর অন্তর।
- কমনওয়েলথ গেমস এর পূর্বনাম - ব্রিটিশ এম্পায়ার গেমস।
- কমনওয়েলথ গেমস এর নীতিবাক্য - মানবতা-সমতা-লক্ষ্য।
- ২২তম কমনওয়েলথ গেমস অনুষ্ঠিত হবে- বার্মিংহাম শহরে।

Ans : A.

শিক্ষার সবকিছু পাঠশালায়

25. কোভিড-১৯-এর ৩ ডোজের টিকা 'আবদালা'-র আবিষ্কারক দেশ হলো-

A. স্পেন B. কিউবা C. রাশিয়া D. জার্মানি

ব্যাখ্যা : কোভিড-১৯ এর আবিস্কৃত টিকার নাম :

| টিকা | দেশ | টিকা | দেশ |
|---|---|---|---|
| ফাইজার | জার্মানি | কোভিশিল্ড | যুক্তরাজ্য |
| মর্ডানা | আমেরিকা | সিনোফার্ম | চীন |
| স্পুটনিক ভি | রাশিয়া | আবদালা | কিউবা |

Ans : B.

26. যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেন প্রথম যে দেশ সফর করেন-

A. যুক্তরাজ্য B. রাশিয়া C. ফ্রান্স D. বেলজিয়াম

ব্যাখ্যা : • যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে জো বাইডেন প্রথম সফর করেন - যুক্তরাজ্যে।
• জো বাইডেন যুক্তরাজ্যে সফর করেন - পুতিনকে হুঁশিয়ারি বার্তা দিতে।
• জো বাইডেন ও বরিস জনসন সই করেন - আটলান্টিক চার্টারে।
• সর্বপ্রথম আটলান্টিক চার্টারে সই করা হয় - ১৯৪১ সালে।

Ans : A.

27. 'নহর-ই-যুবাইদা' যেখানে অবস্থিত-

A. মক্কা B. মদিনা C. বাগদাদ D. দামেস্ক

ব্যাখ্যা : পবিত্র মক্কা শহরে অবস্থিত গুরুত্বপূর্ণ কিছু স্থানের নাম :
• হেরা গুহা • কাবাঘর • মক্কা রয়েল ক্লক টাওয়ার
• আজিয়াদ দুর্গ • নহর-ই-যুবাইদা

Ans : A.

28. 'ঈদগাঁও', 'মধ্যনগর' এবং 'ডাসার' হলো-

A. নবনির্মিত পর্যটন কেন্দ্র B. নতুন আবিষ্কৃত কয়লাখনি
C. সদ্য প্রতিষ্ঠিত উপজেলা D. নবনির্মিত ইপিজেড

ব্যাখ্যা : বাংলাদেশের নতুন তিন উপজেলা সম্পর্কে গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• নতুন তিন উপজেলার নাম - ডাসার, ঈদগাঁও, মধ্যনগর।
• ডাসার উপজেলার জেলা শহর - মাদারীপুর।
• ঈদগাঁও উপজেলার জেলা শহর - কক্সবাজার।
• মধ্যনগর উপজেলার জেলা শহর - সুনামগঞ্জ।
• বাংলাদেশের মোট উপজেলা - ৪৯৫।
• দক্ষিণ সুনামগঞ্জ উপজেলার বর্তমান নাম - শান্তিগঞ্জ।

Ans : C.

29. 'ইলামতি' হলো-

A. একটি চলচ্চিত্র B. এক ধরণের আম C. একটি উপন্যাস D. এক ধরণের ধান

ব্যাখ্যা : বাংলাদেশের বিভিন্ন জাতের আমের নাম :
• ফজলি • সুরমা ফজলী • খিরসাপাত • হাড়িভাঙ্গা
• আলফানসো • ল্যাংড়া • গোলাপভোগ • হিমসাগর
• লক্ষণভোগ • ইলামতি

Ans : B.

30. "ইউনেস্কো-বাংলাদেশ 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' আন্তর্জাতিক পুরস্কার" যে বিষয়ে ঘোষিত হয়েছে-

A. নারীর ক্ষমতায়ন B. সমাজকল্যাণ C. দারিদ্র্য দূরীকরণ D. সৃষ্টিশীল অর্থনীতি

ব্যাখ্যা : গুরুত্বপূর্ণ কিছু তথ্য :
• জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান ও সংস্কৃতি বিষয়ক সংস্থা- ইউনেস্কো।
• ইউনেস্কোর সদস্য রাষ্ট্র - ১৯৮টি। • জাতিসংঘের অঙ্গ সংস্থা - ১৪টি।
• ২১শে ফেব্রুয়ারিকে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে ঘোষণা দেওয়া হয় - ১৯৯৯ সালে।
• ৭ই মার্চের ভাষণকে 'ঐতিহাসিক দলিল' হিসেবে ঘোষণা ও স্বীকৃতি প্রদান করা হয় - ২০১৭ সালে।
• 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান' আন্তর্জাতিক পুরস্কার দেওয়া হবে - সৃষ্টিশীল অর্থনীতি বিষয়ে ২০২১ সাল থেকে।

Ans : D.

## লিখিত অংশ

### বাংলা

1. কাব্যাংশটি পড় এবং নিচের প্রশ্নগুলোর (ক-ঘ) উত্তর দাও : ২.৫×৪=১০

রুষিলা বাসবত্রাস। গম্ভীরে যেমতি
নিশীথে অম্বরে মন্দ্রে জীমূতেন্দ্র কোপি,
কহিলা বীরেন্দ্র বলী,- "ধর্মপথগামী,
হে রাক্ষসরাজানুজ, বিখ্যাত জগতে
তুমি:- কোন্ ধর্ম মতে, কহ দাসে, শুনি,
জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি,- এ সকলে দিলা
জলাঞ্জলি? শাস্ত্রে বলে, গুণবান যদি
পরজন, গুণহীন স্বজন, তথাপি
নির্গুণ স্বজন শ্রেয়ঃ, পরঃ পরঃ সদা!
এ শিক্ষা, হে রক্ষোবর, কোথায় শিখিলে?
কিন্তু বৃথা গঞ্জি তোমা। হেন সহবাসে,
হে পিতৃব্য, বর্বরতা কেন না শিখিবে?
গতি যার নীচ সহ, নীচ সে দুর্মতি।"

ক) কাব্যাংশটির ভেতরের সংলাপে 'জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব, জাতি' নিয়ে প্রশ্ন উঠেছে কেন?

খ) মেঘনাদের সংলাপের মূলভাব অনধিক পাঁচ বাক্যে ব্যক্ত কর।

গ) যে ভঙ্গি ও স্বরে বিভীষণের প্রতি মেঘনাদ ঘৃণা ব্যক্ত করেছেন তা নিজের ভাষায় লেখ।

ঘ) বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে কাব্যাংশটির সাদৃশ্য রয়েছে- কীভাবে?

উত্তর: ক. চাচা বিভীষণ ধর্মের দোহাই দিয়ে দেশ মাতৃকার বিরুদ্ধে গিয়ে শত্রু রাম-লক্ষ্মণের পক্ষাবলম্বন করায় জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব ও জাতি নিয়ে প্রশ্ন উঠেছে। এ কাব্যাংশে জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব ও জাতিসত্তার সংহতির প্রতি গুরুত্বের কথা বলা হয়েছে। ধর্ম ও দেবতার দোহাই দিয়ে নিজ দেশ ও জাতির বিরুদ্ধে অবস্থান নেয়া বড় ধরণের ভুল ও অন্যায় বলে এ প্রশ্ন উঠেছে।

উত্তর: খ. বিভীষণ ধর্মের কথা বলে দেশ, জাতি ও আপনজনের বিরুদ্ধে অবস্থান নিলে মেঘনাদ তাঁকে দেশমাতৃকা ও আপন জাতিসত্তার প্রতি তাঁর দায়িত্ববোধের কথা স্মরণ করিয়ে দিয়ে বলেন, পর সবসময়ই পর। কারণ, বিপদের সময় গুণহীন হলেও আপনজনরাই দ্রুত এগিয়ে আসে। কাব্যাংশে মাতৃভূমির প্রতি গভীর ভালোবাসা প্রকাশ পেয়েছে এবং বিশ্বাসঘাতকতা ও দেশদ্রোহিতার প্রতি প্রকাশিত হয়েছে চরম ঘৃণা। জ্ঞাতিত্ব, ভ্রাতৃত্ব ও জাতিসত্তার সংহতির গুরুত্বের কথা যেমন এখানে ব্যক্ত হয়েছে, তেমনি এর বিরুদ্ধে পরিচালিত ষড়যন্ত্রকে অভিহিত করা হয়েছে নীচতা ও বর্বরতা বলে।

উত্তর: গ. মেঘনাদ যে ভঙ্গি ও ভাবে বিভীষণের প্রতি ঘৃণা ব্যক্ত করেছে তা অত্যন্ত মার্জিত ও রুচিবোধে ঋদ্ধ। হৃদয়ে প্রচণ্ড ক্ষোভ থাকা সত্ত্বেও চাচা বিভীষণকে বারবার পিতৃব্য, পিতৃতুল্য, বিজ্ঞতম, রক্ষোবর, রক্ষোমণি, মহারথী প্রভৃতি নানান সম্মানসূচক শব্দে সম্বোধন করেছে। কুরুচিপূর্ণ ও হালকা ভাবের শব্দ ব্যবহারে নিজেকে বিরত রেখেছে। ঘৃণার বহিঃপ্রকাশ ঘটিয়েছে যুক্তিনিষ্ঠ ও গাম্ভীর্যপূর্ণ আন্তরিকতম ব্যবহারের মধ্য দিয়ে। যা মেঘনাদ চরিত্রকে অনন্য এক মহিমা দান করেছে।

উত্তর: ঘ. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সঙ্গে কাব্যাংশটির বিশ্বাসঘাতকতা ও দেশবিরোধী অবস্থানের বিষয়টির মিল রয়েছে। ১৯৭১ সালে বাংলাদেশের মুক্তিযুদ্ধের চরম দুঃসময়ে এদেশের রাজাকার, আল-বদর, আল-শামসরা দেশ ও জাতির বিরুদ্ধে গিয়ে ধর্মের দোহাই দিয়ে পাকিস্তানি হানাদারদের সাথে হাত মেলায়। পাকিস্তানিদের জয়ী করার জন্য সব রকমের চেষ্টা ও সহযোগিতা অব্যাহত রাখে। দেশ ও জাতির সাথে চরম বিশ্বাসঘাতকতা করে।
উদ্দীপকের কাব্যাংশেও আমরা দেখি বিভীষণ দেশ ও জাতির বিরুদ্ধে গিয়ে দেশের শত্রু রাম ও লক্ষ্মণদের সহায়তা করে। রামের ভক্ত হয়ে নিজ রক্ষপুরীর আপনজনদের ধোঁকা দেয়, বিশ্বাসঘাতকতা করে আপন ভাতিজা মেঘনাদকে হত্যার আয়োজন সম্পন্ন করে।

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার

2. সারাংশ লেখ : ৫

দুঃখ যত প্রবলভাবে মানুষের মনে আঘাত করে, সুখ ততটা করে না। সুখকে কোনো কোনো লোকে যত নিস্পৃহভাবে গ্রহণ করতে পারে, চেষ্টা করলেও দুঃখকে তত সহজে মনের গোপনে লুকিয়ে রাখতে পারে না। এজন্য জীবনে দুঃখের মূল্য বড় বেশি। আগে দুঃখ পেতে হবে, তবেই সমস্ত অনুভূতি সজাগ ও তীক্ষ্ন হবে। ভুল করে যে দুঃখ পায়, তার ভুল করা সার্থক। আর ভুল করলেও যে নির্বিকার,- আত্ম-বিচার যার নাই- তার কাছে সত্য-মিথ্যা, পাপ-পুণ্য, অর্থশূন্য শব্দ ছাড়া আর কিছুই নয়।

উত্তর : মানুষের জীবনে দুঃখের গুরুত্ব অনেক বেশি। দুঃখ মানব-মনে যতটা প্রভাব বিস্তার করে, সুখ ততটা পারে না। দুঃখের মধ্য দিয়েই মানুষ সচেতন ও সজাগ অনুভূতির অধিকারী হয়। ভুল থেকে শিক্ষা গ্রহণ করতে পারলে, সে ভুল বা দুঃখ হয় মানুষের জন্য আশীর্বাদস্বরূপ।

3. প্রযোজ্যক্ষেত্রে অপপ্রয়োগ ও বানানগত ত্রুটি সংশোধন কর এবং যথাস্থানে বিরামচিহ্ন বসাও : ৫

কাদের কেবলমাত্র কাতর রব তোলে যাবো কোথায় শখ করে কী এখানে এসে উঠেছি সদলবলে সাব-ইনস্পেক্টর ফিরে গিয়ে না-হক না বে-হক না-ভালো না-মন্দ গোছের ঘোর-ঘোরাল রিপোর্ট দেয় যার মর্মার্থ উদ্ধারের ভয়েই হয়ত ওপরওয়ালা তা ফাইল চাপা দেয়া শ্রেয় মনে করে। অথবা বুঝতে পারে, এই হুজুগের সময় অন্যায়ভাবে বাড়ি দখলের বিষয়ে সরকারি আইনটা যেন তেমন পরিস্কার বোঝা যাচ্ছে না।

উত্তর : কাদের কেবল কাতর রব তোলে। যাবো কোথায়? শখ করে কি এখানে এসে উঠেছি? সদলবলে সাব-ইন্সপেক্টর ফিরে গিয়ে না-হক না বে-হক না-ভালো না-মন্দ গোছের ঘোর-ঘোরালো রিপোর্ট দেয় যার মর্মার্থ উদ্ধারের ভয়েই হয়ত ওপরওয়ালা তা ফাইল চাপা দেয়া শ্রেয় মনে করে। অথবা বুঝতে পারে, এই হুজুগের সময় অন্যায়ভাবে বাড়ি দখলের বিষয়ে সরকারি আইনটা যেন তেমন পরিষ্কার বোঝা যাচ্ছে না।

## General English

**4. Write a paragraph on "National Tourism and the COVID-19 Outbreak" by recalling the relevant unit from your textbook. 10**

**Ans : National Tourism and the COVID-19 Outbreak**

Tourism is one of the fastest growing economic sectors and is an important driver of economic growth and development. The Hospitality and Tourism sector (HTS) is one of the 15 major sectors that are used to estimate the GDP of Bangladesh. Tourism is one of the worst hit sectors affected by COVID-19. Bangladesh is a country that has been heavily reliant on domestic tourism from its inception. The Tourism Industry of Bangladesh is having a rough time for COVID-19. During lockdown, no one is allowed to move unless it is for an emergency. People were temporarily barred from entering or leaving a confined region, making travel difficult and prohibitive. Travel restrictions were put to prevent the outbreak of COVID-19. Major tourist places such as Cox's Bazar, Saint Martin, Kuakata, Sundarbans, Jaflong, Rangamati, Bandarban etc. were highly affected due to pandemic. Airplanes were on the ground, vehicular movement was restricted and hotels were closed. Popular tourist spots remained vacant. With the onslaught of COVID-19 weighing on its economy, tourism in Bangladesh has witnessed a terrible decline in both domestic and foreign tourist visits. Pacific Asia Tour Operators Association of Bangladesh (TOAB) has predicted that the Bangladesh tourism sector will incur a loss of Tk 20,000 crore due to pandemic. The sufferings of the people connected to tourism industry - the transportation systems, airlines, hospitality workers, bus companies, cruise ships and accommodation facilities beggar description. Many of them lost their Jobs. The govt. of Bangladesh has offered an incentive package for early economic recovery. Co-ordinated efforts must be taken to restore traveller's confidence, ensure safety and promote tourism after COVID-19.

**5. Fill in each gap of the following passage with appropriate word(s) from the box given below :** $1 \times 5 = 5$

| | | | | |
|---|---|---|---|---|
| being | existence | productively | persuasively | counting |
| realize | questioned | thought of | adjusted | |

Education can be____ as the transmission of values and knowledge from one generation to another in society. One___ purpose of education is to make people____ what it is to be a human____. It also aims to teach a person to live morally, creatively, and____ in a democratic society.

ব্যাখ্যা : a) thought of. b) adjusted. c) realize. d) being. e) productively.

**6. Add Five more sentences to complete the following story :**

I'm Shubho. I'm 18 years old. I'm a passionate lover of folk music. I don't mind while my friends call me melomaniac. I dream to visit different parts of Bangladesh and I want to experience the taste of local folk music of those areas. If I get the opportunity to study at the University of Dhaka, I will take folk music as a part of my co-curricular activity. Therefore I am making up a plan that includes many things.

ব্যাখ্যা : I will learn and practise folk music at the University. I will focus on Baul, Bhatiyali, Murshidi, Marfati etc. I have to learn the traditional music instruments namely Setar, Aktara, Dotara, Flute etc. Lalon Fakir, Shah Abdul Karim, Hason Raza and Abbas Uddin are my idols. I want to contribute to improving and protecting folk music from extinction.

!!! বের হয়েছে !!!
পানজেরী
BASIC ICT
বিশ্ববিদ্যালয় ভর্তি পরীক্ষায় 'তথ্য ও যোগাযোগ প্রযুক্তি' বিষয়ের একমাত্র পূর্ণাঙ্গ সহায়িকা

শিক্ষার সবকিছু পাঠশালায়
•প্রশ্নব্যাংক•ক্লাস•পরীক্ষা•PDF•তথ্য•কোর্স•কেয়ার